

২.৩ অনুবিভাগ-৩ঃ প্রশাসন ও মধ্যপ্রাচ্য

২.৩.১ প্রশাসন

এ বিভাগের প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগে মোট ০৫টি অধিশাখা এবং ০৭টি শাখা রয়েছে। তন্মধ্যে প্রশাসনে ৪ টি এবং মধ্যপ্রাচ্যে ১টি অধিশাখা রয়েছে। প্রশাসন অধিশাখায় মোট ৪(চার) টি শাখা রয়েছে। এ অধিশাখায় এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক ও ব্যক্তিগত বিষয় সম্পর্কিত কার্যক্রম গৃহীত হয়ে থাকে। তাছাড়া এ বিভাগের জন্য বার্ষিক বাজেট প্রণয়ন ও বিভাজন, কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা এবং অন্যান্য বিলসমূহ প্রক্রিয়াকরণ ও অনুমোদনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা করা, স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের জন্য কর্মকর্তা/কর্মচারি নির্বাচন ও মনোনয়ন, প্রটোকল সম্পর্কিত কার্যাদি, সাধারণ সেবা ও যাবতীয় ক্রয় সংক্রান্ত কার্যক্রম, আন্তর্জাতিক সংস্থাসমূহের চাঁদা পরিশোধ, বৈদেশিক অর্থনৈতিক মিশনসমূহে নিয়োগ/ডেপুটেশন ইত্যাদি কার্যাদি এ অধিশাখা কর্তৃক সম্পন্ন হয়ে থাকে।

২.৩.১.২ নিয়োগ

২০১৫-২০১৬ অর্থবছরে ৩য় এবং ৪র্থ শ্রেণীর মোট ৩৬ টি শূন্য পদে নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আইসিটি সেলের প্রমিত পদ-বিন্যাস অনুযায়ী সিনিয়র সিস্টেমস এনালিস্ট এর ০১টি, সিনিয়র প্রোগ্রামার এর ০১ টি, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর ০১টি, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর ০১টি ও কম্পিউটার অপারেটর এর ০৫টি পদসহ সর্বমোট ০৯টি পদ সৃজন করা হয়েছে। নবসৃষ্ট এ সকল পদে নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

২.৩.১.৩ প্রশিক্ষণ

এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের যুগোপযোগী জ্ঞান অর্জন ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও যোগ্য কর্মকর্তা হিসেবে গড়ে তোলার জন্য ২০১৫-১৬ অর্থ বছরে ৩৩১ জন কর্মকর্তা/কর্মচারীকে স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ অনুবিভাগ কর্তৃক Autism সংক্রান্ত উক্ত অর্থবছরে ০১ টি Workshop-এর আয়োজন করা হয়।

স্থানীয় প্রশিক্ষণ

নং	বিষয়	অংশগ্রহণকারী			
		১ম শ্রেণী	২য় ও ৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি	মোট
১	ই-ফাইলিং	৮৫	৮৭	-	১৭২
২	স্টাফ ডেভেলপমেন্ট	-	৬৮	৯১	১৫৯
	মোট	৮৫	১৫৫	৯১	৩৩১

বৈদেশিক প্রশিক্ষণ

এ বিভাগের ১৩১ জন কর্মকর্তা ২০১৫-২০১৬ অর্থবছরে বৈদেশিক প্রশিক্ষণ ও শিক্ষা সফরে অংশগ্রহণ করেন।

২.৩.১.৪ উত্তম চর্চা এবং প্রশাসনের গতিশীলতা বৃদ্ধিকরণসহ উল্লেখযোগ্য কার্যাবলী (২০১৫-২০১৬)

ডিজিটাল বাংলাদেশ গড়তে বর্তমান সরকার ICT'র উপর ব্যাপক গুরুত্বারোপ করেছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে ICT তে সমৃদ্ধ করার লক্ষ্যে নিম্নে উল্লেখিত কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছেঃ-

১. কর্মকর্তাদের চিন্তা, গবেষণা সক্ষমতাসহ পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ বিভাগে জ্ঞান ব্যবস্থাপনা কোষ (Knowledge Management Cell) গঠন করা হয়েছে, যেখানে এ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয়ের উপর নিয়মিত উপস্থাপনা (presentation) কার্যক্রম পরিচালিত হয়;
২. কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে উপস্থিতির জন্য দৈনন্দিন হাজিরা খাতার পাশাপাশি সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী ইলেক্ট্রনিক হাজিরা পদ্ধতি অর্থাৎ ইন-আউট ডিভাইস এর ব্যবহার প্রবর্তন করা হয়েছে, ফলে কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতির হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত হয়েছে;

৩. এ বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অন-লাইনে আবেদন করার পদ্ধতি চালুকরণ এবং এ পদ্ধতিতে নিয়োগ কার্যক্রম সম্পাদন;
৪. ২০১৫-২০১৬ অর্থবছরে এ বিভাগের ১৭২ জন কর্মকর্তা/কর্মচারীকে ই-ফাইলিং এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে;
৫. ই-টেভারিং পদ্ধতি চালু করা হয়েছে;
৬. বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, উত্তম চর্চা ও দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন এবং কর্মব্যবস্থাপনাকে দীর্ঘমেয়াদী ও যুগোপযোগীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
৭. গুরুত্বপূর্ণ সরকারি আদেশ/নোটিশসমূহ এবং প্রশিক্ষণ/বৃত্তি সংক্রান্ত তথ্যসমূহ কর্মকর্তাদের Mailbox এ প্রেরণ করা হয়, যাতে কর্মকর্তাগণ দ্রুত সরকারি নির্দেশনাসমূহ ও বিদেশে প্রশিক্ষণ সংক্রান্ত সুযোগ সম্পর্কে অবহিত হতে পারেন;
৮. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটি গঠন ও ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। এছাড়া, এ বিভাগে একটি অভিযোগ বাস্তব স্থাপন করা হয়েছে;
৯. ডেভেলপমেন্ট ইফেক্টিভনেস নামে একটি নতুন অনুবিভাগ স্থাপন করা হয়েছে;
১০. বেইজিংস্থ বাংলাদেশ দূতাবাসে কাউন্সেলর পর্যায়ে ইকনমিক উইং স্থাপন করা হয়েছে;
১১. ০৩টি ফটোকপিয়ার ক্রয় করা হয়েছে;
১২. ২০১৫-১৬ অর্থ বছরে যে সকল কম্পিউটার গুলো পুরাতন মডেলের এবং ধীরগতি সম্পন্ন, মেরামত করেও সন্তোষজনক ফলাফল অর্জিত হচ্ছে না এবং ব্যয়বহুল ঐ সকল কম্পিউটার সমূহ পরিবর্তন করে অত্যাধুনিক ও এস এ্যাপ্লিকেশন সফটওয়্যার সমৃদ্ধ ২৫টি কম্পিউটার ক্রয়/সরবরাহ নিয়ে বিভিন্ন দপ্তরের অধিযাচনপত্রের ভিত্তিতে সরবরাহ করা হয়েছে যা ই-ফাইলিং কার্যক্রম সম্পাদনে সহায়ক হচ্ছে;
১৩. ২০০টি পুরাতন কম্পিউটারে এন্টিভাইরাস ইনস্টল করা হয়েছে ফলে কম্পিউটারগুলোতে দ্রুতগতিতে কাজ করা সম্ভব হচ্ছে;
১৪. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০১৪-১৫, Flow of External Resources into Bangladesh (As of 30 June 2015) প্রকাশের নিমিত্ত সরকারি প্রকাশনা অধিদপ্তরের এনওসির ভিত্তিতে প্রশাসন ও অধিশাখা হতে যাবতীয় প্রকাশনার কার্যবলী সম্পাদন করা হয়েছে। এছাড়া, প্রতিশ্রুতি নামে স্যুভেনির প্রকাশের যাবতীয় কার্যবলী প্রশাসন-৩ অধিশাখা হতে সম্পাদন করা হয়েছে;
১৫. ২য়, ৩য় এবং ৪র্থ শ্রেণীর ১২৫ জন কর্মকর্তা/কর্মচারীদের নতুনভাবে ০৫(পাঁচ) বছর মেয়াদী ও ০১ বছর মেয়াদী সাময়িক পরিচয়পত্র প্রদান করা হয়েছে;
১৬. এইড ইফেক্টিভনেস প্রকল্পের অর্থায়নে এ অধিশাখা হতে আউট সোর্সিংয়ের মাধ্যমে ০১ বছরের জন্য ০২ জন পরিচ্ছন্নকর্মী নিয়োগ দিয়ে এ বিভাগের ৭,৮,১০, ১৫ এবং ১৬ নং ব্লকগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে;
১৭. নেটওয়ার্ক অবকাঠামো (ল্যান) উন্নয়নের লক্ষ্যে ২০১৫-১৬ অর্থবছরে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
১৮. এ বিভাগের ১৯৯৮-২০১৩ পর্যন্ত মোট অডিট আপত্তি ১৩টি। উক্ত ১৩টি অডিট আপত্তির মধ্যে ১০ টি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট পেন্ডিং অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির উদ্যোগ অব্যাহত আছে। এছাড়া ক্যাপাসিটি বিল্ডি অব ইআরডি (২য় সংশোধিত) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের ২০১৩-১৪ অর্থ বছরের ০২ টি অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ অব্যাহত আছে;
১৯. এ বিভাগের ০৮ টি বিভাগীয়/রীট মামলার মধ্যে ২০১৫-১৬ অর্থ বছরে ০৩ টি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ০৫ টি বিভাগীয়/রীট মামলা নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে;
২০. এ বিভাগে ২০১৫-১৬ অর্থ বছরে প্রশাসন-১ শাখা হতে ০১ টি, প্রশাসন -২ শাখা হতে ০৩ টি এবং প্রশাসন-৫ শাখা হতে ০৫ টি পেনশন কেইস নিষ্পত্তি করা হয়েছে;
২১. Aid Effectiveness Unit প্রকল্পের আর্থিক সহায়তায় এনইসি-২ সম্মেলন কক্ষের আবসবাবপত্র ক্রয়;
২২. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অভ্যন্তরীণ যোগাযোগ ও দাপ্তরিক কাজের সুবিধার্থে ১৫০ লাইন বিশিষ্ট ইন্টারকমের নতুন মেশিন স্থাপন কার্যক্রম সম্পাদন;
২৩. দ্রুত দাপ্তরিক কাজের সুবিধার্থে এ বিভাগে ব্যবহৃত ১৫০ লাইন বিশিষ্ট ইন্টারকম সিস্টেমের বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বাড ট্রেডিং, ঢাকা-এর সাথে চুক্তি সম্পাদন;

২৪. দাপ্তরিক কাজের সুবিধার্থে বিভিন্ন অনুবিভাগ, অধিশাখা, শাখার চাহিদার প্রেক্ষিতে টেলিফোন শিল্প সংস্থা লিঃ টংগী, গাজীপুর থেকে ০৯ টি স্টেনো টেলিফোন সেট ও ০৮টি সাধারণ টেলিফোন সেট ক্রয়/সংগ্রহ করা হয়েছে।
২৫. কর্মকর্তা/কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য ২০১৫-১৬ অর্থ বছরে ০৩ টি মাইক্রোবাস ও ০১টি কার ক্রয় করা হয়েছে।

২.৩.১.৬ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের ইকনমিক উইং এর কার্যাবলীঃ

Rules of Business, ১৯৯৬ (সংশোধিত ২০০৯) অনুসারে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রধান কাজ হল বাংলাদেশের বার্ষিক উন্নয়ন কর্মসূচি, দারিদ্র বিমোচন কৌশলপত্র এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় গৃহীত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বৈদেশিক সহায়তা/সম্পদ (অনুদান, ঋণ) সংগ্রহ ও সরবরাহ ত্বরান্বিত করা। এ বৈদেশিক সহায়তা/সম্পদের প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সরকার বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থার সঙ্গে দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্ক স্থাপন করেছে। একই সাথে অর্থনৈতিক সম্পর্ক গভীরতর ও সহায়তা অধিকতর কার্যকর করার লক্ষ্যে বাংলাদেশ সরকার কোনো কোনো দেশ ও সংস্থায় অর্থনৈতিক মিশন স্থাপন করেছে।

বিদেশস্থ ইকনমিক উইংসমূহ বাংলাদেশের বৈদেশিক অর্থনৈতিক সহায়তা বৃদ্ধি ও সম্পদের গতিশীলতা আনয়নে মিশন সংশ্লিষ্ট দেশের সংগে লিয়াজো রক্ষা করে অর্থনৈতিক সহায়তার সম্ভাবনার দ্বার উন্মোচনে গুরুত্বপূর্ণ অবদান রাখে। এছাড়া বিভিন্ন উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার উন্নয়ন সহায়তা সংক্রান্ত নীতিমালা, পদ্ধতি, পরিমাণ ও ধরণ সম্পর্কে বাংলাদেশ সরকারকে অবহিত করে।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাংগঠনিক কাঠামো অনুযায়ী বিদেশস্থ বাংলাদেশ মিশনে বর্তমানে এ বিভাগের আওতাধীন ৮টি ইকনমিক উইং রয়েছে। তন্মধ্যে ওয়াশিংটন ডিসি, নিউইয়র্ক ও জাপানে ইকনমিক মিনিস্টার পদে যুগ্ম-সচিব বা সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা এবং রোম, রিয়াদ ও ব্যাংকক-এ ইকনমিক কাউন্সেলর পদে উপ-সচিব বা সম পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা ও বেলজিয়ামের ব্রাসেলসে প্রথম সচিব (ইকনমিক) পদে সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তা কর্মরত আছেন। এছাড়া, ২০১৫ সনে চীনের বেইজিংস্থ বাংলাদেশ দূতাবাসে কাউন্সেলর পর্যায়ে ইকনমিক উইং স্থাপন করা হয়েছে। এ উইং-এ কর্মকর্তা নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এছাড়া ভারতের নয়াদিল্লীতে বাংলাদেশ হাইকমিশন কাউন্সেলর পর্যায়ের ইকনমিক উইং খোলার কার্যক্রমও প্রক্রিয়াধীন রয়েছে।

২.৩.১.৭ নিম্নে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নিয়ন্ত্রণাধীন বিদেশস্থ মিশনে ইকনমিক উইং এর পরিচিতি ও সংক্ষিপ্ত কার্যাবলী বর্ণনা করা হলঃ

২.৩.১.৭.১ সকল ইকনমিক উইং এর সাধারণ কার্যাবলী-

- অর্থনৈতিক সম্পর্ক জোরদারকরণ;
- বৈদেশিক সম্পদ আহরণ;
- উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি ও ক্ষেত্র সম্প্রসারণ করা;
- উভয় দেশ/সংস্থার বিনিয়োগকারীদের মধ্যে সংযোগ স্থাপন করা;
- উভয় দেশের অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করা;
- উন্নয়ন সহযোগিতা বৃদ্ধিসহ অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে যোগাযোগ রক্ষা করা;
- অর্থনৈতিক সহায়তা বৃদ্ধি, কারিগরি সহায়তা ও সম্পদের গতিশীলতা আনয়নের লক্ষ্যে কাজ করা;

২.৩.১.৭.২ ইকনমিক উইংভিত্তিক জনবল এবং সাধারণ ও সম্পাদিত কার্যাবলী-

২.৩.১.৭.২.১ ইকনমিক উইং, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন-ডিসি :

জনবলঃ ইকনমিক মিনিস্টার-১ জন, ব্যক্তিগত কর্মকর্তা-১জন ও প্রশাসনিক কর্মকর্তা-১জন কার্যাবলীঃ

- অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে যুক্তরাষ্ট্র, বিশ্বব্যাংক ও আইএমএফ এর সংগে যোগাযোগ রক্ষা করা;
 - যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্ক জোরদারসহ বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখা;
 - যুক্তরাষ্ট্র সরকারের নিকট হতে অর্থনৈতিক সহায়তা প্রাপ্তিতে ইউএসএআইডি এর সাথে লিয়াজো রক্ষা করা;
 - Mellinium Challenge Corporation, Heritage Foundation, Freedom House, World Bank Institute সহ সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষাসহ তাদেরকে বাংলাদেশের উন্নয়ন সম্পর্কে অবহিত করা।

২০১৫-১৬ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

- এ বছরে ইকনমিক উইং, ওয়াশিংটন-ডিসি বাংলাদেশে বিরাজমান উন্নততর বিনিয়োগ পরিস্থিতি ও সুশাসন অবহিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দের সঙ্গে আলোচনায় অংশগ্রহণ করেন। তন্মধ্যে যুক্তরাষ্ট্র সরকারের বিভিন্ন দপ্তর যেমনঃ ইউ এস এইড, মিলানিয়াম চ্যালেঞ্জ করপোরেশন উল্লেখযোগ্য।
- প্রকল্প সহযোগিতা তথা সার্বিক সহায়তা নিশ্চিতকরণের লক্ষ্যে মিশন ইউএসএইড এবং ওয়ার্ল্ড ব্যাংক এর সাথে যোগাযোগ রক্ষা করে চলেছে।
- এছাড়া ইকনমিক উইং, ওয়াশিংটন-ডিসি এর উদ্যোগে বাংলাদেশ সরকারের বিভিন্ন প্রকারের বন্ড যেমনঃ ওয়েজ আর্নান্স বন্ড, ইউএসডি ইনভেস্টমেন্ট বন্ড এবং ইউএসডি প্রিমিয়াম বন্ড ইত্যাদিতে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশী নাগরিকদের বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ফলে প্রবাসী বাংলাদেশীদের মাঝে বর্ণিত বন্ডসমূহে বিনিয়োগে উল্লেখযোগ্য সাড়া পাওয়া যায়। ২০১৫-২০১৬ অর্থ বছরে ১০ টি ওয়েজ আর্নান্স বন্ড ক্রয়ের প্রাপ্ত আবেদন বাংলাদেশের বাণিজ্যিক ব্যাংকসমূহে প্রেরণ করা হয়েছে।
- ২৮ এপ্রিল ২০১৬ মিশন কর্তৃক বাংলাদেশ প্রতিনিধিদলের জন্য “Bangladesh Investment Meeting” শীর্ষক একটি সভার আয়োজন করা হয়। এ সভায় ICT প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।
- মিশন কর্তৃক ৪ মে ২০১৬ তে অনুষ্ঠিত “Worship on Brahmaputra River Basin: Bangladesh, India and China” শীর্ষক সভায় অংশগ্রহণ করে বাংলাদেশের অবস্থান তুলে ধরা হয়।

২.৩.১.৭.২.২ ইকনমিক উইং, জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন, নিউইয়র্কঃ

জনবলঃ ইকনমিক মিনিস্টার-১ জন ও প্রশাসনিক কর্মকর্তা-১ জন

কার্যাবলীঃ

- উন্নয়ন সহযোগিতা বৃদ্ধিসহ অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে জাতিসংঘের সাথে যোগাযোগ রক্ষা করা;
- ECOSOC (Economic and Social Council), Group-77, Group of Least Developed Countries (LDCs) Most Vulnerable Countries (MVC) সহ বিভিন্ন Strategic Group এর সংগে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা।

২০১৫-২০১৬ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

- (১) সরকার ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়নের নিমিত্ত মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র বিমোচন, শিক্ষা, স্বাস্থ্য ও সুশাসন প্রতিষ্ঠায় জাতিসংঘের সহায়তা বৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ;
- (২) ২ জুলাই ২০১৫ নিউইয়র্কে অনুষ্ঠিত “High Level Political Forum on Sustainable Development Under the auspices of ECOSOC” এবং ৩১ আগস্ট-৪ সেপ্টেম্বর ২০১৫ UNDP এর Second Regular Session এ অংশগ্রহণ করে Sustainable Development Goals এ বাংলাদেশের কার্যক্রম ও অগ্রগতি তুলে ধরা হয়;
- (৩) ইকনমিক মিনিস্টার ৭ জুলাই ২০১৫ “A presentation of the Eurasian Economic Union” শীর্ষক আলোচনায় অংশগ্রহণ করে বাংলাদেশের অবস্থান তুলে ধরেন;
- (৪) ৩০ জুলাই ২০১৫ তে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত “Preparing for implementation phase of the post 2015, Development Agenda: what next?” শীর্ষক আলোচনায় অংশগ্রহণ;

- (৫) ইকনমিক মিনিস্টার জাতিসংঘ সদর দপ্তর কর্তৃক আয়োজিত Sustainable Development, World Autism Awareness, HIV/AIDS, FfD সংক্রান্ত সভা ও সেমিনারে অংশগ্রহণ করেন;
- (৬) ইকনমিক মিনিস্টার ৩১ আগস্ট ২০১৫ তে “Revolutionizing Data on Women’s Leadership in Public Life” শীর্ষক ইভেন্টে অংশগ্রহণ করেন;
- (৭) ইকনমিক মিনিস্টার কর্তৃক UNDP’S 2015 বার্ষিক সভা, 7 July 2015 তে Group 77-এর Ambassadorial সভা, 17 September, ECOSOC Plenary Meeting -এ অংশগ্রহণ এবং ৩০ জুন-০২ জুলাই, ২০১৫ অনুষ্ঠেয় UN-Women Executive Board-এর বার্ষিক সেশনে অংশগ্রহণ।

২.৩.১.৭.২.৩ ইকনমিক উইং, বাংলাদেশ দূতাবাস, টোকিও, জাপান :

জনবলঃ ইকনমিক মিনিস্টার-১জন ও ব্যক্তিগত কর্মকর্তা-১জন

কার্যাবলীঃ

দ্বিপাক্ষিক পর্যায়ে জাপান বাংলাদেশের সর্ব বৃহৎ উন্নয়ন সহযোগী দেশ। স্বাধীনতার পর থেকে জাপান বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ১২ বিলিয়ন ইউ এস ডলারের অধিক ঋণ, অনুদান এবং কারিগরি সহায়তা হিসাবে প্রদান করেছে বিধায়;

- দ্বিপাক্ষিক পর্যায়ে দুই দেশের মধ্যে বিদ্যমান অর্থনৈতিক সম্পর্ক আরো জোরদারকরণ সহ বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে কার্যকর ভূমিকা পালন করা;
- বাংলাদেশে জাপানের অর্থনৈতিক ও কারিগরি সহায়তা আরো বৃদ্ধির লক্ষ্যে কাজ করা;
- মানবসম্পদ উন্নয়নে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সংগে ঘনিষ্ঠ যোগাযোগের মাধ্যমে বাংলাদেশি নাগরিকদের অনুকূলে বৃত্তির (Japanese Development Scholarship, Youth Development Program, Monbukagakusho Scholarship ইত্যাদি) ব্যবস্থা করা।

২০১৫-২০১৬ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

১. বর্তমানে কর্মরত Economic Minister এর কর্মকালের মেয়াদ পূর্ণ হওয়ায় উক্ত পদে নতুন কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে।
২. মিশনের উদ্যোগে MRT Project এর সম্ভাবনা এবং অন্যান্য অবকাঠামো নির্মাণে সহায়তার বিষয়ে JICA এর Vice President এবং মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী জনাব ওবায়দুল কাদের-এর সাথে আলোচনা।
৩. বাংলাদেশ ও জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাধিক সমঝোতা স্মারক ও চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
৪. ইকনমিক মিনিস্টার 37th ODA loan package চুক্তি চূড়ান্তকরণ ও স্বাক্ষরের লক্ষ্যে জাপানের অর্থ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং JICA’র সাথে যোগাযোগ রক্ষাসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
৫. বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী এবং জাপানের উচ্চপর্যায়ের ব্যবসায়িক নেতৃবৃন্দের সাথে FDI বৃদ্ধির লক্ষ্যে আলোচনা এবং বাংলাদেশ জাপানীজ FDI বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ মিশন এবং University of Hyogo এর যৌথ উদ্যোগে Investment Symposium অনুষ্ঠিত হয়।
৬. গত ২০১৪ সালে দু’দেশের প্রধানমন্ত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তির আলোকে অগ্রাধিকার প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে (৬০০ বিলিয়ন জাপানী ইয়েন) বৈদেশিক সহায়তা বৃদ্ধির জন্য ইকনমিক উইং কাজ করে যাচ্ছে।
৭. সড়ক ও সেতু বিভাগ এবং রেল মন্ত্রণালয় এর কর্তকর্তাগণ জাপান সফরকালে MRT project এ Technology transfer, MRT-6 Project এ technical Support প্রদান, NGO এবং SME Sector এ সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়সহ আরো অনেক গুরুত্বপূর্ণ উন্নয়ন কর্মকাণ্ডে জাপানের সহায়তার বিষয়ে আলোচনা হয়। ইকনমিক মিনিস্টার এতে সহায়ক ভূমিকা পালন করেন।

২.৩.১.৭.২.৪ ইকনমিক উইং, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদিআরব :

জনবলঃ ইকনমিক কাউন্সেলর-১জন ও ব্যক্তিগত কর্মকর্তা-১জন

কার্যাবলীঃ

- বাংলাদেশে সৌদি আরবের বিনিয়োগ বৃদ্ধিতে Saudi Fund for Development (SFD), Council of Saudi Chambers of Commerce and Industries (CSCCI) এবং সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ রক্ষা;
- অর্থনৈতিক বিষয়াবলী, ব্যবসা বাণিজ্য, বিনিয়োগ, টুরিজম ইত্যাদি বিষয়ে সৌদি আরবে অনুষ্ঠেয় বিভিন্ন সেমিনার **সিম্পোজিয়ামে** বাংলাদেশের বিষয়াবলী তুলে ধরা।

২০১৫-২০১৬ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

- (১) Exhibition in Riyadh শীর্ষক Exhibition এ সৌদি মার্কেটে বাংলাদেশী পণ্যের বাজারজাতকরণের সম্ভাবনা তুলে ধরা হয়।
- (২) ৩-৪ মে ২০১৬ তে Euro money Saudi Arabia Conference এ ইকনমিক কাউন্সেলর অংশগ্রহণ করেন।
- (৩) Technology Transfer এর সম্ভাবনার বিষয়টি তুলে ধরতে ইকনমিক কাউন্সেলর ২৭-২৮ জানুয়ারী ২০১৬ “Exhibition in Riyadh Technology incubation conference 2016” শীর্ষক Exhibition অংশগ্রহণ করেন।
- (৪) ভাইস চেয়ারম্যান সৌদি ফান্ড ফর ডেভেলপমেন্ট এবং ডাইরেক্টর, SFD এর সাথে রিয়াদস্থ বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত, সিনিয়র সচিব ইআরডি এবং সিনিয়র সচিব অর্থ বিভাগ এর সাথে ইউরিয়্যা সার আমদানির বিষয়ে বৈঠক অনুষ্ঠিত হয়।

২.৩.১.৭.২.৫ ইকনমিক উইং, বাংলাদেশ দূতাবাস, রোম, ইটালী :

জনবলঃ ইকনমিক কাউন্সেলর-১জন ও ব্যক্তিগত কর্মকর্তা-১জন
কার্যাবলীঃ

- অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে রোমে অবস্থিত জাতিসংঘের তিনটি সংস্থা যথা খাদ্য ও কৃষি সংস্থা (FAO), ইফাদ (IFAD) ও বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এবং ইতালি সরকারের সংগে যোগাযোগ রক্ষা করা;
- জনতা ব্যাংকের মালিকানাধীন জনতা এক্সচেঞ্জ এসআরএল এর বোর্ড অব ডাইরেক্টর এর সদস্য হিসেবে দায়িত্বপালন।

২০১৫-২০১৬ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

- ১) ইকনমিক কাউন্সেলর ২৫ আগস্ট ২০১৫ JEC বোর্ড মিটিং এ অংশগ্রহণ এবং ১৫ সেপ্টেম্বর ২০১৫ তে G-77 এর Plenary Bureau Meeting এ অংশগ্রহণ করেন।
- ২) ১৪ সেপ্টেম্বর ২০১৫ তে IFAD এর Special Meeting এ অংশগ্রহণ করে বাংলাদেশের অবস্থা তুলে ধরেন।
- ৩) ২২-২৬ ফেব্রুয়ারি ২০১৬, Agadir, Morocco - তে FAO কর্তৃক আয়োজিত Fifteenth Session of the Sub-Committee on Fish Trade - এ অংশগ্রহণ।
- ৪) ইকনমিক কাউন্সেলর ০৯-১১ মার্চ ২০১৬ থাইল্যান্ডের ব্যাংককে High Level Meeting of Eminent Personalities এবং G-77 Chapters Annual Meeting -এ অংশগ্রহণ করেন।
- ৫) গত ২৩-২৭ মে ২০১৬ ইকনমিক কাউন্সেলর কোরিয়ার বুসানে 7th World Fisheries Congress -এ অংশগ্রহণ করে বাংলাদেশের অবস্থান তুলে ধরেন।

২.৩.১.৭.২.৬ ইকনমিক উইং, বাংলাদেশ দূতাবাস, ব্রাসেল্‌স, বেলজিয়াম :

জনবলঃ প্রথম সচিব (ইকঃ)-১জন ও স্টেনোটাইপিষ্ট-১জন
কার্যাবলীঃ

- আন্তর্জাতিক উন্নয়ন ফোরামে বাংলাদেশকে সম্পৃক্ত করা;
- অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে বেলজিয়াম ও ইউরোপীয় ইউনিয়নের সংগে যোগাযোগ রক্ষা করা।

২০১৫-২০১৬ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

- ১) European Development Day (EDD) ২০১৫ উপলক্ষে জুন ২০১৫ এ অনুষ্ঠিত A matter of birth, life and death: Walking in the shoes of women and girls without access to water, sanitation and hygiene শীর্ষক ল্যাব সেশনে H.E. Ambassador of Bangladesh, Ms. Ismat Jahan এর প্যানেল মেম্বর হিসাবে অংশগ্রহণ এবং বিভিন্ন বিশেষজ্ঞের সাথে মত বিনিময়।
- ২) ৬-৯ ডিসেম্বর ২০১৫ LDC Focal Point মিটিং এ অংশগ্রহণ;

- (৩) অক্টোবর ২০১৫ তে আয়োজিত “Starting from girls-including girls in nutrition, agriculture and Food” এবং “Horizon-2020 open the world” শীর্ষক Conference/Seminar/Workshop এ অংশগ্রহণ;
- (৪) ৮ ডিসেম্বর ২০১৫ মিশন প্রতিনিধি “ Fight Unfair Ending Violence and Discrimination against Children with disabilities ” শীর্ষক সেমিনারে অংশগ্রহণ করে প্রতিবন্ধী শিশুদের অধিকারের বিষয়ে আলোচনা করেন।
- (৫) Post-2015 Agenda এর আলোকে ৫ জুন ২০১৫ এ অনুষ্ঠিত Seminar on “the inclusion of culture in development programmes in the framework of the UNESCO/EU Expert Facility Project: Opportunities and challenges for the diversity of cultural expression” এ অংশগ্রহণ এবং বাংলাদেশের হাজার বছরের সাংস্কৃতিক ঐতিহ্য বাংলাদেশ সরকার কর্তৃক প্রসারের বিষয়টি তুলে ধরেন।
- (৬) প্রথম সচিব (ইকনমিক) কর্তৃক EU এর সহিত আলোচনাক্রমে PEDP-III Project এর ৩য় কিস্তির অর্থ ছাড়করণে সহায়তা।
- (৭) প্রথম সচিব (ইকনমিক) Marie Sklodowska-Curie Actions (MSCA) Programme- এর আওতায় বাংলাদেশী গবেষকদের গবেষণার সুযোগ বৃদ্ধির লক্ষ্যে সংস্থার সংশ্লিষ্ট প্রতিনিধির সাথে সাক্ষাৎ করেন।

২.৩.১.৭.২.৭ ইকনমিক উইং, বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক, থাইল্যান্ড :

জনবলঃ ইকনমিক কাউন্সেলর-১জন ও প্রশাসনিক কর্মকর্তা-১জন
কার্যাবলীঃ

- UNESCAP ও বাংলাদেশের মধ্যে যোগসূত্র হিসেবে কার্য সম্পাদন।
- ২০১৫-২০১৬ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ
- ১) ইকনমিক উইং বিভিন্ন বিষয়ে এসকাপ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থার সাথে যোগাযোগ এবং তথ্য আদান-প্রদান।
 - ২) প্রতিবছর এসকাপের মাইক্রো ইকনমিক পলিসি এন্ড ডেভেলপমেন্ট, ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট, ট্রান্সপোর্ট, এনভায়রনমেন্ট, ডিজাস্টার রিস্ক রিডাকশন এন্ড আইসিটি, সোশাল ডেভেলপমেন্ট, স্ট্যাটিস্টিকস বিভাগের আওতায় মন্ত্রী পর্যায়ের কনফারেন্স, কমিটি সভা, ইন্টার গভর্নমেন্টাল সভা, সেমিনার ইত্যাদি অনুষ্ঠিত হয়। বাংলাদেশ থেকে প্রতিনিধি দল এতে অংশগ্রহণ করেন। ইকনমিক কাউন্সেলর সার্বিক সহায়তা প্রদানসহ সভায় অংশগ্রহণ করেন।
 - ৩) প্রতি বছর UNESCAP এর কমিশন সেশন অনুষ্ঠিত হয়। উক্ত সেশনে সদস্য রাষ্ট্রসমূহ আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি ও টেকসই উন্নয়ন বিষয়ে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে। কমিশন সেশনে বাংলাদেশ প্রতিনিধি সমষ্টিক অর্থনীতি, বাণিজ্য, যোগাযোগ, পরিবেশ, তথ্য ও প্রযুক্তি, দুর্যোগ ব্যবস্থাপনা, সামাজিক উন্নয়ন, পরিসংখ্যান, মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোলস ইত্যাদি ক্ষেত্রে গৃহীত কার্যক্রম, সাফল্য, সার্বিক উন্নয়ন এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে মত বিনিময় করেন।
 - ৪) এসকাপ বিভিন্ন সেক্টরে যথা ট্রেড ফ্যাসিলিটেশন, আইসিটি, স্পেস টেকনোলজি, ট্রান্সপোর্ট, পরিবেশ, পরিসংখ্যান, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে সদস্য রাষ্ট্রের কর্মকর্তাদের প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করে। ইকনমিক উইং এসকাপের আওতায় বাংলাদেশের বিভিন্ন সেক্টরে উল্লেখযোগ্য কার্যক্রম পরিচালনার জন্য প্রচেষ্টা গ্রহণ করে, যাতে বাংলাদেশের কর্মকর্তাদের নিজস্ব কর্মক্ষেত্রে কার্য পরিচালনায় সক্ষমতা বৃদ্ধি পায়।
 - ৫) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি, মহামান্য রাষ্ট্রদূত, থাইল্যান্ড এবং ইকনমিক কাউন্সেলর বাংলাদেশের প্রতিনিধি হিসাবে ১৫-১৯ মে, ২০১৬-এ ESCAP এর ৭২ তম Commission Session-এ অংশগ্রহণ করেন।
 - ৬) ৩০ মে-১ জুন ২০১৬, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং থাইল্যান্ডের ইকনমিক কাউন্সেলর জনাব কবির আহমেদ লাউ পিডিআরের ভিয়েনতিয়েনে অনুষ্ঠিত “Regional Workshop on the Adaptation of the 2030 Agenda and the Istanbul Programme of Action at the National Level for the Least Developed Countries in Asia and the Pacific” এবং “Regional Capacity Building Workshop on SDGs Modelling for the Least Developed Countries in Asia and the Pacific” শীর্ষক ওয়ার্কশপে অংশগ্রহণ করে বাংলাদেশের অবস্থান তুলে ধরেন।

২.৩.২ মধ্যপ্রাচ্য

সরকার কর্তৃক গৃহীত উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মধ্যপ্রাচ্য অধিশাখা (মধ্যপ্রাচ্য ১, ২ ও ৩ শাখা) প্রধানত: নিম্নলিখিত কার্যক্রম সম্পাদন করে থাকে:

অর্থায়ন (ঋণ ও অনুদান) সংক্রান্ত কার্যক্রমঃ

মধ্যপ্রাচ্য ও আফ্রিকার নিম্নলিখিত বিভিন্ন মুসলিম দেশ ও উন্নয়ন সহযোগী সংস্থা হতে প্রকল্পে অর্থায়ন (ঋণ ও অনুদান) সংগ্রহ কার্যক্রম প্রক্রিয়াকরণ, সমন্বয় ও পর্যালোচনা করে থাকেঃ

1. a) Islamic Development Bank (IDB)
b) Islamic Corporation for the Development of the Private Sector (ICD)
c) International Islamic Trade Finance Corporation (ITFC)
d) Islamic Solidarity Fund for Development (ISFD)
2. Saudi Fund for Development (SFD)
3. Kuwait Fund for Arab Economic Development (KFAED)
4. OPEC Fund for International Development (OFID)
5. Abu Dhabi Fund for Development (ADFD)
6. Qatar, Iran, Turkey, Iraq, Egypt- সহ মধ্যপ্রাচ্য এবং আফ্রিকার দেশসমূহ ইত্যাদি।

যৌথ কমিশন/যৌথ অর্থনৈতিক কমিশন সংক্রান্ত কার্যক্রম

নিম্নোক্ত দেশসমূহের সাথে যৌথ কমিশন/যৌথ অর্থনৈতিক কমিশন (জেইসি) সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদন করে থাকে :

- সৌদি আরব
- ইরান
- তুরস্ক
- সংযুক্ত আরব আমিরাত এবং
- কুয়েত

অন্যান্য চলমান কার্যক্রম

- বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক জ্বালানী তেল আমদানীতে International Islamic Trade Finance Corporation (ITFC)-এর অর্থায়ন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা হয়।
- SFD'র সৌদি এক্সপোর্ট প্রোগ্রাম -এর আওতায় সৌদি আরব থেকে বাংলাদেশকে কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক সার আমদানী প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম।
- ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি)-এর Merit Scholarship Programme-এর আওতায় বাংলাদেশের শিক্ষার্থী মনোনয়নের জন্য প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা হয়।
- OFID, ICD, ITFC কর্তৃক বেসরকারী খাতে অর্থায়ন কার্যক্রম প্রক্রিয়াকরণ।

২০১৫-১৬ অর্থ বছরে উন্নয়ন সহযোগী কর্তৃক অর্থায়ন সংক্রান্ত তথ্যাবলীঃ

এ অনুবিভাগের আওতায় উন্নয়ন সহযোগীসমূহ মূলতঃ বিদ্যুৎ ও জ্বালানী, পরিবহন ও যোগাযোগ অবকাঠামো, স্বাস্থ্য, শিক্ষা ও কৃষি উন্নয়নসহ সামাজিক অবকাঠামো খাতের কর্মসূচিসমূহ বাস্তবায়নে ঋণ সহায়তা প্রদান করে থাকে। এ অনুবিভাগের আওতায় ২০১৫-১৬ অর্থবছরে উন্নয়ন সহযোগীদের সাথে ৩০৪.০০ মিলিয়ন মার্কিন ডলারের ৫টি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। অর্থাৎ আইডিবি'র ২৪৮.৩০ মি. মা. ডলার, KFAED এর ৫০.০০ মি. মা. ডলার ও OFID এর ৬.০০ মি. মা. ডলারের ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

২০১৫-২০১৬ অর্থ বছরে স্বাক্ষরিত চুক্তিসমূহ

২০১৫-১৬ অর্থবছরে প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগের অধীন উন্নয়ন সহযোগী দেশ/সংস্থাওয়ারী চুক্তি স্বাক্ষর/সম্পাদিত কার্যাবলী সংক্রান্ত বিভিন্ন তথ্য নিম্নে প্রদান করা হলোঃ

২০১৫-১৬ অর্থ বছরে স্বাক্ষরিত চুক্তির সার-সংক্ষেপ

IDB

১। The Sustainable Housing for Low-Income Urban Communities Project

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)

সহায়তার পরিমাণ (চুক্তি স্বাক্ষর): ২০.০০ মি.মা.ডলার (ঋণ) (১৭/০৫/২০১৬)

- প্রকল্পের উদ্দেশ্যে: ময়মনসিংহ, ফরিদপুর এবং গাজীপুরের কালিয়াকৈর পৌরসভার আওতাধীন অনগ্রসর জনগোষ্ঠির পানি ও পয়ঃসুবিধা উন্নয়ন।

২। Establishment of Bangladesh-IDB Friendship Technical Teachers Training Institute Project

- বাস্তবায়নকারী সংস্থা: জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- সহায়তার পরিমাণ (চুক্তি স্বাক্ষর): ৮.৩০ মি.মা.ডলার (ঋণ) (১৮/০৫/২০১৬)
- প্রকল্পের উদ্দেশ্যে: বাংলাদেশে কারিগরি শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা ও মান উন্নয়ন।

৩। “Construction of Ashuganj 400(+5%)MW Combind Cycle Power Plant (East)”

- বাস্তবায়নকারী সংস্থা: বিদ্যুৎ বিভাগের অধীনে আশুগঞ্জ পাওয়ার স্টেশন কো. লি।
- সহায়তার পরিমাণ (চুক্তি স্বাক্ষর): ২২০.০০ মি.মা.ডলার (ঋণ) (বাংলাদেশ সরকার: ৩০/০৬/২০১৬, IDB: ৩১/০৭/২০১৬)
- প্রকল্পের উদ্দেশ্যে: ইতোপূর্ব অকজো হয়ে যাওয়া 150 MW Stem Turbine Power Plant-এর স্থলে অধিক ক্ষমতাসম্পন্ন 400 MW Combind Cycle Power Plant প্রতিস্থাপন করা।



চিত্র: ঢাকায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ০৪/০৫/২০১৬ তারিখে ‘Construction of Paira Bridge (Lebukhali Bridge) on Barisal-Patuakhali Highway’ শীর্ষক প্রকল্পের অনুকূলে ঋণ চুক্তি (২য় ঋণচুক্তি)-তে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) মিজ মাহমুদা বেগম এবং KFAED ’ মহাপরিচালক স্বাক্ষর করেন।



চিত্র: ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় IDB'র বোর্ড অব গভর্নরস-এর ৪১তম বার্ষিক সভা চলাকালে গত ১৭/০৫/২০১৬ তারিখে বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এবং IDB'র প্রেসিডেন্ট 'The Sustainable Housing for Low-Income Urban Communities Project' শীর্ষক প্রকল্পের ঋণ চুক্তিতে স্বাক্ষর করেন।

উল্লেখযোগ্য কার্যক্রম

'IDB'র বোর্ড অব গভর্নরস-এর ৪১-তম বার্ষিক সভা

IDB'র বোর্ড অব গভর্নরস-এর ৪১তম বার্ষিক সভা গত ১৭-১৯ মে ২০১৬ তারিখে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় অনুষ্ঠিত হয়। সভায় আইডিবি-তে বাংলাদেশের গভর্নর ও বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত-এর নেতৃত্বে ৬ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল যোগদান করেন। সভা চলাকালে আইডিবির সহযোগী সংস্থা Islamic Corporation for the Insurance of Investment & Export Credit (ICIEC) এর ২৩তম বার্ষিক সভা, ISFD'র ৯ম বার্ষিক সভা, ICD'র ১৬শ বার্ষিক সভা এবং ITFC'র একাদশ বার্ষিক সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্যগণ এ সকল গুরুত্বপূর্ণ সভায় অংশগ্রহণ করেন।

- আইডিবি বোর্ড অব গভর্নরস-এর চেয়ারম্যান নির্বাচনঃ

আইডিবি'র ৪১ তম বার্ষিক বোর্ড সভার অব্যবহিত পর হতে ২০১৭ সালে জেদ্দায় অনুষ্ঠিতব্য ৪২ তম বোর্ড সভা পর্যন্ত দায়িত্ব পালনের জন্য বাংলাদেশের মাননীয় অর্থমন্ত্রীর আইডিবি বোর্ড অব গভর্নরস-এর চেয়ারম্যান নির্বাচিত করা হয়। সভার সমাপনী অধিবেশনে বিগত মেয়াদের চেয়ারম্যান ইন্দোনেশিয়ার অর্থমন্ত্রী Dr. Bambang Brodjonegoro বাংলাদেশ প্রতিনিধির হাতে Chairmanship Hammer তুলে দেন। বাংলাদেশের মাননীয় অর্থমন্ত্রীর পক্ষে উক্ত Chairmanship Hammer টি গ্রহণ করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন।



চিত্র: অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন, মাননীয় অর্থমন্ত্রীর পক্ষে IDB'র Chairmanship Hammer গ্রহণ করেন।

- Innovation Exhibition:

আইডিবি'র ৪১ তম বার্ষিক বোর্ড সভার আরেকটি উল্লেখযোগ্য বিষয় হলো Innovation Exhibition। সভা চলাকালীন ১৫-১৯ মে ২০১৬ তারিখ পর্যন্ত জাকার্তা কনভেনশন সেন্টারে Innovation for development শীর্ষক একটি প্রদর্শনী অনুষ্ঠিত হয়। প্রদর্শনীতে ১৮টি দেশ হতে স্বাস্থ্য, কৃষি, শিক্ষা, পানিসম্পদ, নির্মাণ শিল্প, যুব উন্নয়ন এবং দারিদ্র্য দূরীকরণ বিষয়ে বিভিন্ন Innovative প্রকল্প প্রদর্শিত হয়। উক্ত Innovation Exhibition এ বাংলাদেশ হতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন “Building Capable Youth for National Development in a Particular Village, Lahinipara, Kushtia প্রদর্শনের জন্য মনোনীত হয়। প্রকল্পের আওতায় কুষ্টিয়ার লাহিনীপাড়া গ্রামে যুব সমাজের কার্যকর অংশগ্রহণের মাধ্যমে কিভাবে আত্মকর্মসংস্থান ও বেকারত্ব দূরীকরণ করা হচ্ছে তা দেখানো হয়। এছাড়া আইডিবি এর ফায়াল খায়ের প্রোগ্রাম এর অধীনে বাংলাদেশে বাস্তবায়নাধীন স্কুল-কাম-সাইক্লোন শেল্টার নির্মাণের মাধ্যমে কিভাবে প্রাকৃতিক দুর্যোগ হতে জীবন রক্ষা পাচ্ছে এবং প্রকল্পের আওতায় বিভিন্ন ক্ষুদ্র ঋণ কর্মসূচির মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ ও শিক্ষার প্রসার সম্ভব হচ্ছে তা প্রদর্শনীতে তুলে ধরা হয়। মাননীয় অর্থমন্ত্রী Exhibition-এ প্রদর্শিত বাংলাদেশ ছাড়াও অন্যান্য দেশের স্টলসমূহও ঘুরে দেখেন। বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে Joint Commission (JC) এর ১১-তম সভা।

পারস্পরিক অর্থনৈতিক ও বানিজ্যিক সম্পর্ক জোরদারকরণের লক্ষ্যে বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে Joint Commission (JC) এর ১১-তম সভা গত নভেম্বর ১৮-১৯, ২০১৫ তারিখে ঢাকায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন এ বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং সৌদি প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন সৌদি H.E. Dr. Ahmad Bin Fahad Al-Fuhaid।



চিত্র: গত নভেম্বর ১৮-১৯, ২০১৬ তারিখে ঢাকায় অনুষ্ঠিত Joint Commission (JC) এর ১১-তম সভা।

IDB'র Fael Khair Program-এর আওতায় নির্মিত স্কুল-কাম-সাইক্লোন সেন্টার হস্তান্তর

২০১৫-১৬ অর্থবছরে ২৭টি স্কুল-কাম-সাইক্লোন সেন্টার নির্মাণকাজ সম্পন্নকরত Fael Khair Program-এর পক্ষ হতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। এ পর্যন্ত মোট ৯৪টি স্কুল/মাদ্রাসা-কাম সাইক্লোন সেন্টার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। এ সকল সাইক্লোন সেন্টার সরকারী সম্পত্তি হিসাবে গণ্য।

IDB-এর Host Country Agreement (HCA) স্বাক্ষর

গত ২৩-২৭ নভেম্বর ২০১৫ তারিখে মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের সৌদি আরব সফরকালে বাংলাদেশ ও IDB'র মধ্যে Host Country Agreement স্বাক্ষরিত হয়েছে। উক্ত Host Country Agreement বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেছেন মাননীয় অর্থমন্ত্রী এবং আইডিবি'র পক্ষে স্বাক্ষর করেছেন আইডিবি'র মান্যবর প্রেসিডেন্ট ড. আহমেদ মোহাম্মদ আলী।

IDB'র Merit Scholarship Programme

IDB'র Merit Scholarship Programme 2016-2017-এর আওতায় বাংলাদেশের শিক্ষার্থীগণের মনোনয়ন এবং আবেদন পত্র শিক্ষা মন্ত্রণালয়ের সুপারিশক্রমে যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

SFD'র Saudi Export Programme-এর আওতায় সৌদি আরব থেকে BCIC কর্তৃক সার আমদানি

সৌদি আরব থেকে সার আমদানির জন্য সৌদি SFD কর্তৃক প্রস্তাবিত ৫০.০০ মি.মা.ডলারের ঋণ প্রস্তাবের Preliminary Indicative Term Sheet (Amdndment-2)-এর বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের মতামত সহ বিষয়টি চূড়ান্ত করণের জন্য নভেম্বর, ২০১৫ তারিখে SFD-তে প্রেরণ করা হয়েছে।

বাংলাদেশের বেসরকারী খাতে OFID-এর বিনিয়োগ উৎসাহিতকরণ

বাংলাদেশের বেসরকারী খাতে OFID-এর বিনিয়োগ আকৃষ্টকরণের জন্য বেসরকারী খাতের প্রতিষ্ঠান "ONE Bank Limited"-এর অনুকূলে ওপেক ফান্ডের ১৫.০০ মি.মা.ডলার ঋণ সহায়তা প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারের "Statement of No Objection" গত ডিসেম্বর ২৪, ২০১৫ তারিখে OFID-এ প্রেরণ করা হয়েছে।

বাংলাদেশের বেসরকারী খাতে ICD-এর বিনিয়োগ উৎসাহিতকরণ

বাংলাদেশের বেসরকারী খাতে ICD-এর বিনিয়োগ আকৃষ্টকরণের জন্য বেসরকারী খাতের প্রতিষ্ঠান “PRAN-RFL”-এর Subsidiary Company, “Rangpur Metal Industries Limited (RMIL)”-এর অনুকূলে ICD’র ২০.০০ মি.মা.ডলার ঋণ সহায়তা প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারের “Statement of No Objection” ICD-তে গত জুলাই ২২, ২০১৫ তারিখে প্রেরণ করা হয়েছে।

উন্নয়ন সহযোগীদের বাংলাদেশ সফর ও বাংলাদেশ প্রতিনিধিদলের বিদেশ সফর

২০১৪-১৫ অর্থ বছরে অর্থনৈতিক সহযোগীতা প্রক্রিয়াকরণের জন্য এ অনুবিভাগের আওতাধীন উন্নয়ন সহযোগীদের উল্লেখযোগ্য সফরসমূহ নিম্নরূপ:

সৌদি আরবের মান্যবর প্রিন্স তুর্কি বিন আব্দুল্লাহ এবং IDB-এর মান্যবর প্রেসিডেন্ট ড .আহমদ মোহাম্মদ আলীর বাংলাদেশ সফর
সৌদি আরবের মান্যবর প্রিন্স তুর্কি বিন আব্দুল্লাহ এবং আইডিবি’র মান্যবর প্রেসিডেন্ট ড .আহমদ মোহাম্মদ আলী গত ১১-১২ জানুয়ারি ২০১৬ মেয়াদে বাংলাদেশ সফর করেন। ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক আইডিবি (Fael Khair Programme) এর আওতায় বাংলাদেশের সিডর বিধ্বস্ত দক্ষিণ-পশ্চিম অঞ্চলে দ্বিতীয় প্যাকেজে ২৭ (সাতাশ)টি নির্মিত স্কুল-কাম-সাইক্লোন সেন্টার উদ্বোধন উপলক্ষ্যে সৌদি আরবের মান্যবর প্রিন্স তুর্কি বিন আব্দুল্লাহ এবং আইডিবি’র মান্যবর প্রেসিডেন্ট ড .আহমদ মোহাম্মদ আলী গত ১২ জানুয়ারি ২০১৬ তারিখ বরগুনা জেলার আমতলী উপজেলায় সফর করেন। উক্ত সফরকালে মান্যবর প্রিন্স এবং আইডিবি’র মান্যবর প্রেসিডেন্ট মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে যৌথভাবে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নির্মিত স্কুল-কাম-সাইক্লোন সেন্টার উদ্বোধন করেন। এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এ অনুবিভাগের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।

IDB এর Member Country Partnership Strategy (MCPS) মিশনের বাংলাদেশ সফর

ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) এর Member Country Partnership Strategy (MCPS) Programming and Review Mission গত ১৮-২১ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত বাংলাদেশ সফর করেছে। উক্ত সফর শেষে বাংলাদেশ সরকার এবং IDB’র মধ্যে Agreed Minutes of Meeting স্বাক্ষরিত হয়েছে। তিন বছর মেয়াদী MCPS বাস্তবায়নের জন্য ১৬৯৭.৩০ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে মোট ১৫টি প্রকল্প বাস্তবায়নের জন্য বাছাই করা হয়েছে।

IDB এর অর্থায়নে বাস্তবায়ন/মূল্যায়নের জন্য বিভিন্ন প্রকল্পের Appraisal/Evaluation Mission

- গত ০৬-০৯ জুলাই ২০১৫ তারিখ পর্যন্ত BID এর একটি মিশন Host Country Agreement-এর খসড়া চূড়ান্ত করার উদ্দেশ্যে বাংলাদেশে আগমন করে।
- গত ২৬-৩০ জুলাই ২০১৫ তারিখ পর্যন্ত “Regional Submarine Telecommunications Project, Bangladesh (BD-0171)”-শীর্ষক প্রকল্পের জন্য IDB’র একটি Supervision Mission বাংলাদেশে আগমন করে।
- গত ০৬-১৫ আগস্ট ২০১৫ তারিখ পর্যন্ত “Rehabilitation of Rural Infrastructure in Gaibandha & Kurigram Damaged by Flood 2007-”শীর্ষক প্রকল্পের বাস্তবায়নোত্তর মূল্যায়নের জন্য IDB’র একটি Mission বাংলাদেশে আগমন করে।
- গত ২০-২৪ ডিসেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত IDB’র একটি মিশন 400+ MW Ashugnaj East Power Plant Efficiency Improvement Project-এর সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করার জন্য বাংলাদেশ সফর করে।
- IDB’র Fael Khair Programme-এর আওতায় বাংলাদেশের সিডর বিধ্বস্ত দক্ষিণ-পশ্চিম অঞ্চলে দ্বিতীয় প্যাকেজে ২৭ (সাতাশ) টি নির্মিত স্কুল-কাম-সাইক্লোন সেন্টার উদ্বোধন উপলক্ষ্যে সৌদি আরবের মান্যবর প্রিন্স তুর্কি বিন আব্দুল্লাহ এবং আইডিবি’র মান্যবর প্রেসিডেন্ট ড .আহমদ মোহাম্মদ আলী গত ১১-১২ জানুয়ারি ২০১৬ মেয়াদে বাংলাদেশ সফর করেন।
- গত ৩০ জানুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি ২০১৬ মেয়াদে আইডিবি’র একটি Portfolio Follow-up/Pre CPPR মিশন বাংলাদেশ সফর করেছে।

- “Sylhet Feeder Roads Upgrading Project” এবং “Submarine Cable Telecommunications Project”-শীর্ষক প্রকল্প দুটির উপর Success Stories Document প্রস্তুত করার উদ্দেশ্যে IDB’ র কর্মকর্তা এবং IDB কর্তৃক নিয়োগকৃত Country Firm ‘GREEN INK’-এর কর্মকর্তা সমন্বয়ে একটি টিম গত ১৫-২৪ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে বাংলাদেশ সফর করেছে।
- গত ০১-০৮ মার্চ ২০১৬ মেয়াদে আইডিবি’র একটি Supervision মিশন বাংলাদেশ সফর করেছে।
- গত ০৯-১৩ এপ্রিল ,২০১৬ মেয়াদে আইডিবি’র একটি Preparation মিশন বাংলাদেশ সফর করেছে।
- গত ২৯ মে ২০১৬ হতে ০৩ জুন ২০১৬ মেয়াদে আইডিবি’র একটি Program Mission বাংলাদেশ সফর করেছে।

KFAED-এর Mission -এর বাংলাদেশ সফর

- গত জানুয়ারি ৫-৮ এপ্রিল ২০১৬ তারিখে কুয়েত ফান্ডের ২ (দুই) সদস্য বিশিষ্ট একটি মিশন “Construction of Paira Bridge (Lebukhali Bridge) on Barisal-Patuakhali Highway” শীর্ষক প্রকল্পে অতিরিক্ত অর্থায়ন (২য় ঋণ) এ্যাপ্রাইজালের জন্য বাংলাদেশ সফর করে।
 - গত জানুয়ারি ৩-৫ মে ২০১৬ তারিখ পর্যন্ত কুয়েতের মাননীয় প্রধান মন্ত্রী এবং তাঁর সফরসঙ্গী হিসেবে কুয়েত ফান্ডের মহা পরিচালক বাংলাদেশ সফর করে। কুয়েত ফান্ডের বাংলাদেশ সফরের উদ্দেশ্য ছিল “Construction of Paira Bridge (Lebukhali Bridge) on Barisal-Patuakhali Highway” শীর্ষক প্রকল্পের অনুকূলে ঋণচুক্তি) ২য় ঋণচুক্তি স্বাক্ষর।
- SFD’র Mission-এর বাংলাদেশ সফর

- গত জুলাই ২৬-৩০ ,২০১৫ তারিখে SFD’র ৩ সদস্যের একটি Mission, SFD’র অর্থায়নে বাস্তবায়নধীন চলমান প্রকল্পসমূহের অগ্রগতি, অনিষ্পন্ন বিষয় এবং পাইপলাইন প্রকল্পসমূহের বিষয়ে আলোচনার লক্ষ্যে ঢাকা সফর করেন।
- গত ফেব্রুয়ারি ১৩-১৫, ২০১৬ তারিখে SFD’র ২ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল ‘Enhancement of ICT & Arabic Language Skills in Madrasha Education’ শীর্ষক প্রকল্পে SFD’র অর্থায়নের সম্ভাব্যতা যাচাইকল্পে ঢাকা সফর করেন। মিশন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এ অনুবিভাগ থেকে মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।

বাংলাদেশ Mission-এর সৌদি আরব সফর

মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল গত ২৩-২৭ নভেম্বর ২০১৫ তারিখে সৌদি আরব সফর করেছেন। উক্ত সফরে মাননীয় অর্থমন্ত্রী সৌদি আরবের অর্থমন্ত্রীর সহিত দ্বি-পাক্ষিক আলোচনায় মিলিত হয়েছেন। এছাড়াও মাননীয় অর্থমন্ত্রী আইডিবি’র মান্যবর প্রেসিডেন্টের সহিত আলোচনা সভায় মিলিত হয়েছেন। এছাড়াও বাংলাদেশ প্রতিনিধিদল রিয়াদ ও জেদ্দায় অনুষ্ঠিত বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন। উল্লেখ্য ,মাননীয় অর্থমন্ত্রীর এ সফরে বাংলাদেশ ও আইডিবি’র মধ্যে Host Country Agreement স্বাক্ষরিত হয়েছে। উক্ত Host Country Agreement বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেছেন মাননীয় অর্থমন্ত্রী এবং আইডিবি’র পক্ষে স্বাক্ষর করেছেন আইডিবি’র মান্যবর প্রেসিডেন্ট ড .আহমেদ মোহাম্মদ আলী।

ITFC Mission -এর বাংলাদেশ সফর

গত মার্চ ৭-৯, ২০১৬ তারিখে ITFC’র তিন সদস্য বিশিষ্ট একটি Mission ঢাকা সফর করে এবং মিশনটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এবং বিসিআইসি-এর সাথে দ্বি-পাক্ষিক সভা করে।

আন্তঃমন্ত্রণালয় ও অন্যান্য সভা

মধ্যপ্রাচ্য অধিশাখা (মধ্যপ্রাচ্য-১, ২ এবং ৩ শাখা) এর আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে চলতি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, খসড়া ঋণ চুক্তি পর্যালোচনা, নতুন প্রকল্পের অর্থায়ন প্রক্রিয়াকরণ, যৌথ অর্থনৈতিক কমিশন (জেইসি) সভা পর্যালোচনা প্রভৃতি বিষয়ে ৩৫টি আন্তঃমন্ত্রণালয় সভা/অন্যান্য সভা অনুষ্ঠিত হয়েছে।